



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নাটোর সদর, নাটোর।

স্মারক সংখ্যাঃ ০৫.৪৩.৬৯৬৩.০০০.৪২.০০৮.১৯. ১৯৯


তারিখ : ০১ মার্চ ১৪২৬  
২৫ মার্চ ২০১৯

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ০৬.০৫.২০১৫ খ্রিঃ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন মোতাবেক নাটোর সদর উপজেলাধীন হালসা ইউনিয়নের ০৩ (তিন) নং ওয়ার্ডের গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূণ্যপদে নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

#### শর্তাবলী :

- ১) আবেদনে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বয়স, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শারীরিক যোগ্যতা, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম ও অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ২) প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে (ওয়ার্ড নম্বর উল্লেখ থাকতে হবে)।
- ৩) প্রার্থীর বয়স ৩১.০৩.২০২০ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।
- ৪) প্রার্থীকে ৮ম শ্রেণী পাশ হতে হবে।
- ৫) প্রার্থীর শারীরিক যোগ্যতা : ক) পুরুষ প্রার্থীর সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন- সর্বনিম্ন ৫০ কেজি।  
খ) মহিলা প্রার্থীর যোগ্যতা : সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন- সর্বনিম্ন ৪৫ কেজি।
- ৬) প্রার্থীকে সুস্থ ও সুঠাম দেহের অধিকারী হতে হবে।
- ৭) আবেদনের সাথে পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
- ৮) আবেদনের সাথে নাগরিকত্ব সনদ, জন্ম সনদ ও শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৯) প্রার্থীকে উপরিউক্ত তথ্যসহ আগামী ৩১/০৩/২০২০ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫.০০ টার মধ্যে) ডাকযোগে অথবা সরাসরি দাখিল করা যাবে।
- ১০) আবেদন নিম্নস্বাক্ষরকারীকে সম্বোধন করে লিখতে হবে।
- ১১) সরকার কর্তৃক নির্ধারিত হারে বেতন/ভাতা প্রদান করা হবে।
- ১২) পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
২৫.০৬.২০২০

( মোঃ জাহাঙ্গীর আলম )  
উপজেলা নির্বাহী অফিসার  
নাটোর সদর, নাটোর।  
ফোন-০৭৭১-৬৬৮২৬